

## অধ্যাপক ললিতকুমার

ত্যাগিয়াছ চিরতরে তব বঙ্গভূমি—  
ক্লান্ত হয়ে জীবনের ঘাত প্রতিঘাতে,  
মিশেছে নশ্বরকায়া চিতাভস্ম সাথে ;—  
হে রসিক ! মর নাই, মর নাই তুমি !  
হে মনীষী ! সুগভীর গবেষণা তব—  
বাণীর কমল বন করিয়া মস্থন—  
আনিয়াছে মাতৃকোষে বিবিধ রতন,  
ফুটায়েছে বঙ্গভাষা মুখে হাসি নব ।  
সেক্সপিয়র, মিল্টন আদি কত কবি,  
বঙ্কিম মধু ও কবিকুলমণি রবি,  
আমরণ সূক্ষ্মরূপে করি আলোচনা  
ললিত সাহিত্য রসে লভেছ সাস্থনা ।  
'পাগলাঝোরা'র সাথে রসের 'ফোয়ারা'—  
বরষিছে মাতৃবুকে নিৰ্ঝরিণী ধারা ।

শ্রীমহিমারঞ্জন রায়,  
'ক্যানিং হোটেল' ।

